

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫০৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৫৬: উপবাস, রুক্ষ ও নীরস জীবন যাপন করা, পানাহার ও পোশাক ইত্যাদি মনোরঞ্জনমূলক বস্তুতে অল্পে তুষ্ট হওয়া এবং প্রবৃত্তির দাসত্ব বর্জন করার মাহাত্ম্য

بَابُ فَضْلِ الْجُوْعِ وَخُشُوْنَةِ الْعَيْشِ وَالْإِقْتِصَارِ عَلَى الْقَلِيْلِ مِنَ الْمَأْكُوْلِ وَالْمَشْرُوْبِ وَالْمَلْبُوْسِ وَغَيْرِهَا مِنْ حُظُوْظِ النَّفْسِ وَتَرْكِ الشَّهَوَاتِ _ (56)

আরবী

وَعَنِ ابنِ عُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: كُنَّا جُلُوساً مَعَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، إِذْ جَاءَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ فَسَلَّمَ عَلَيْهِ، ثُمَّ أَدْبَرَ الأَنْصَارِيُّ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «يَا أَخَا الأَنْصَارِ، كَيْفَ أَخِي سَعْدُ بْنُ عُبَادَةَ ؟ » الله عليه وسلم: «مَنْ يَعُودُهُ مِنْكُمْ ؟ » فَقَامَ وَقُمْنَا فَقَالَ: صَالِحٌ، فَقَالَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم: «مَنْ يَعُودُهُ مِنْكُمْ ؟ » فَقَامَ وَقُمْنَا مَعَهُ، وَنَحْنُ بضَعْةَ عَشَرَ، مَا عَلَيْنَا نِعَالٌ، وَلاَ خِفَافٌ، وَلاَ قَلاَنِسُ، وَلاَ قُمُصٌ، نَمْشِي في تلك السِّبَاخِ، حَتَّى جَنْنَهُ، فَاسْتَأْخَرَ قَوْمُهُ مِنْ حَوْلِه حَتَّى دَنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم وأصْحَابُهُ الَّذِينَ مَعَهُ. رواه مسلم

বাংলা

১৮/৫১৩। ইবনে উমার রাদিয়াল্লাহু 'আনহুমা বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে ছিলাম, ইতোমধ্যে এক আনসারী এলেন এবং তাঁকে সালাম দিলেন। অতঃপর আনসারী ফিরে যেতে লাগলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "হে আনসারের ভাই! আমার ভাই সা'দ ইবনে উবাদাহ কেমন আছে?" তিনি বললেন, 'ভাল আছে।' তারপর রাসূলুললাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তোমাদের মধ্যে কে তাকে (অসুস্থু সা'দকে) দেখতে যাবে?"

সুতরাং তিনি উঠে দাড়ালেন এবং আমরাও উঠে দাঁড়ালাম। আমরা দশের কিছু বেশী ছিলাম। আমাদের দেহে জুতো, মোজা, টুপী এবং জামা কিছুই ছিল না। আমরা ঐ পাথুরে যমিনে পায়ে হেঁটে যাচ্ছিলাম, এমনকি শেষ পর্যন্ত আমরা সা'দ রাদিয়াল্লাহু 'আনহু-এর নিকট পৌঁছে গেলাম। তার গৃহবাসীরা তাঁর নিকট থেকে সরে গেল, তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণ তাঁর নিকটবর্তী হলেন। (মুসলিম) [1]



English

(56) Chapter: Excellence of Simple Living and being Content with Little

Ibn 'Umar (May Allah be pleased with them) reported:

We were once sitting in the company of Messenger of Allah (**) when a man from the Ansar came and greeted. As he was leaving, Messenger of Allah (**) said to him, "O brother of the Ansar, how is my brother Sa'd bin 'Ubadah?" He replied, "He is well." Messenger of Allah (**) asked, "Which of you is desirous of visiting him?" Having said this he got up and we followed him. We were ten and odd in number and we had neither shoes nor light boots nor caps nor shirts. We walked on foot through the barren plain till we came to the residence of Sa'd (May Allah be pleased with him). His people made way and Messenger of Allah (**) along with those who accompanied him went up to him.

[Muslim].

Commentary: In this Hadith the description which the Companions made about their condition reflects its relevance with this chapter. Second, we come to know that the Prophet (PBUH) called Sa`d (May Allah be pleased with him) as his brother. This shows his perfect humbleness and great care for his Companions. Third, if the house is small, the host is presumed to make arrangement within the narrow space to accommodate the visitors, so that they may sit beside the patient for a while and enquire about his health.

ফুটনোট

[1] মুসলিম ৯২৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন